বিষয় ঃ ঢাকার মিরপুরস্থ ট্রাস্ট আধুনিক হাসপাতালের সামনে সম্পূর্ণ জরাজীর্ণ ও নষ্ট অবস্থায় পড়ে থাকা ০৩টি এ্যাম্বুলেন্স বিভিন্ন ক্যাটাগরির ০৪টি গাড়ি (মোট ০৭টি গাড়ি) অকেজো ঘোষনা এবং টেন্ডারের মাধ্যমে বিক্রয়ের জন্য গঠিত কমিটির বৈঠকের কার্যবিবরণীঃ

সূত্র ঃ ৪৮.০১.০০০০.১০২.১৮.০০১.১৯.১১৯৫ তারিখ ঃ ৩১/১০/২০২১

সভাপতি ঃ ড. মোঃ জাহেদুল হাসান, পরিচালক (শিল্প ও বানিজ্য),
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ।

তারিখ ও সময় ঃ ০২ নভেম্বর ২০২১, সকাল ১১.০০ ঘটিকা ।
সভার স্থান ঃ পরিচালক (শিল্প ও বানিজ্য) এর দপ্তর ।
সভায় উপস্থিতি ঃ সভায় উপস্থিতিদের তালিকা পরিশিষ্ট “ক”

০২। পরিচালক (শিল্প ও বানিজ্য), কমিটির সকল সদস্যবৃন্দকে সম্ভাষণ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ট্রাস্টের সহকারী প্রকৌশলী মিরপুরস্থ ট্রাস্ট আধুনিক হাসপাতালের সামনে দীর্ঘদিন যাবৎ (২৩/২৪ বছর) সম্পূর্ণ জরাজীর্ন ও নষ্ট অবস্থায় পড়ে থাকা ০৩টি এ্যাম্বুলেন্স ও বিভিন্ন ক্যাটাগরির ০৪টি গাড়ি (মোট ০৭টি গাড়ি) অকেজো ঘোষনা এবং টেন্ডারের মাধ্যমে বিক্রয়ের জন্য কর্তৃপক্ষের সিদ্ধান্তের কথা জানান। গাড়ীগুলোর অকেজো ঘোষনা করার জন্য প্রয়োজনীয় কাগজপত্র/তথ্য না থাকায় কমিটি নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহন করে।

১। ট্রাস্ট আধুনিক হাসপাতালের মালামালের ইনভেন্টরী তালিকায় গাড়ীগুলো অন্তর্ভূক্ত আছে কিনা যাচাইয়ের জন্য ইনভেন্টরী তালিকা প্রয়োজন। তালিকা প্রশাসন শাখা সংগ্রহ করবে।

২। বিদেশী সাহায্য সংস্থা (সাস) এর নামে রেজিস্ট্রিকৃত গাড়ীর বিষয়ে NBR হতে প্রত্যায়নপত্র গ্রহন করতে হবে। প্রত্যয়নপত্র প্রশাসন শাখা সংগ্রহ করবে।

৩। অন্যান্য গাড়িগুলির কোন কাগজপত্র না থাকায় বিষয়ে থানায় জিডি করতে হবে এবং জিডির কপি বিআরটিএ বরাবর দাখিল করে তাদের কাছ থেকে গাড়ীর তথ্যাদি/কাগজপত্র সংগ্রহ করতে হবে। প্রশাসন শাখা থানায় জিডি করবে এবং বিআরটিএ থেকে তথ্যাদি/কাগজপত্র সংগ্রহ করবে।

৪। উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন শেষে পরবর্তী সভায় তা উপস্থাপন করতে হবে। সদস্য সচিব বিয়টি নিশ্চিত করবেন।

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

02.11.2021

(ড. মোঃ জাহেদুল হাসান)
পরিচালক (শিল্প ও বানিজ্য)

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
স্বাধীনতা ভবন
৮৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.bffwt.gov.bd, Fax-02-9562258

স্মারক সংখ্যা-৪৮.০১.০০০০.১০৪.২৬.১১৬.১৫/ তারিখ: ১৪২৮।
০২/১১/২০২১।

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ০৭টি গাড়ি অকেজো ঘোষণা এবং বিক্রয় সংক্রান্ত কমিটির সভার উপস্থিতি।

**সভাপতি:** জনাব ড. মো: জাহেদুল হাসান, পরিচালক (যুগ্ম সচিব),
শিল্প ও বাণিজ্য বিভাগ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
**সভার তারিখ:** ০২ নভেম্বর ২০২১ খ্রি:।
**সভার স্থান:** পরিচালক (শিল্প ও বাণিজ্য) এর অফিস কক্ষ।

| ক্রমিক নং | নাম | পদবি | সংস্থা | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | জনাব ড. মো: জাহেদুল হাসান | পরিচালক | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট। | |
| ০২ | জনাব জসিম উদ্দিন চৌধুরী | ~~পরিচালক~~ পরিদর্শক (নৌ) | সহকারি যানবাহন অধিদপ্তর | [signature] ২/১১/২১ |
| ০৩. | জনাব আবুল কালাম আজাদ | উপ-মহাব্যবস্থপক (কল্যণ) | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট। | [signature] ০২/১১/২১ |
| ০৪. | জনাব মো: সালেহ আহমেদ | উপ-প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট। | [signature] ০২.১১.২০২১ |
| ০৫. | জনাব সুধীর কুমার সাহা | সহকারী পরিচালক (ইঞ্জি:) | বি.আর.টি.এ(সদর কার্যালয়) | [signature] ২/১১/২১ |
| ০৬. | জনাব মো: সাজ্জাদুল ইসলাম | সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল) | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট। | [signature] ২/১১/২১ |

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
প্রকৌশল শাখা
স্বাধীনতা ভবন
৮৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
www.bffwt.gov.bd, Fax-9562258

স্মারক নং-৪৮.০১.০০০০.২০২.৩৯.১১৩.২১/ ১৮৮

তারিখ: ০৫ মাঘ ১৪২৮ ব:
১৯ জানুয়ারি ২০২২ খ্রি:

এ. আর এন্টারপ্রাইজ
৮৯ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

বিষয়: বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, প্রধান কার্যালয়-এর বিভিন্ন দপ্তরে ও ছাদের পুরাতন/ পরিত্যক্ত/অকেজো মালামাল যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় বিক্রিয়।
সূত্র: আপনাদের ১৭/০১/২০২২ খ্রি: তারিখের দরপত্র;

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানাচ্ছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, প্রধান কার্যালয়-এর বিভিন্ন দপ্তরে ও ছাদে পুরাতন/পরিত্যক্ত/অকেজো মালামাল যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় বিক্রিয়ের জন্য দরপত্র বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে আপনার প্রতিষ্ঠানের ভ্যাট ও ট্যাক্সসহ ১২,৬০০/- (বার হাজার ছয়শত) টাকার প্রস্তাব ট্রাস্ট কর্তৃপক্ষ কর্তৃক মালামাল সরবরাহ/সরিয়ে নেয়ার জন্য আপনার প্রতিষ্ঠানের নিকট বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)-এর সাথে যোগাযোগ করে জরুরিভিত্তিতে আলোচ্য মালামাল সরিয়ে নেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি।


১৯/০১/2022
(মোঃ খোরশেদ আলম)
উপ-মহাব্যবস্থাপক (শিওবা)-এ দায়িত্বে
(অতিরিক্ত দায়িত্ব প্রকৌশল শাখা)
ফোন: ৯৫৬৪৯০৩


অনুলিপি অবগতি ও কার্যার্থে:
০১। পরিচালক (অর্থ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
০২। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) চলতি দায়িত্ব ও আহবায়ক, মালামাল তালিকা প্রণয়ন কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।[দরপত্র বিজ্ঞপ্তি অনুযায়ী মালামাল সরবরাহ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন]
০৩। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
০৪। অফিস কপি/গার্ড ফাইল।




ছাদের স্থির চিত্র







ভবনের বর্তমান অবস্থা, ৩০-০৬-২০২১ খ্রি:






ছাদেরবর্তমানঅবস্থা

